# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

কার্যালয়ঃ ৩৪৬/২ ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ

ফোন ঃ ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)

E-mail : chairmanbisemym@gmail.com

www.mymensingheducationboard.gov.bd


স্মারক নং- ময়শিবো/কলেজ/২০২৫/৩৩৬০ তারিখঃ ১৩/১১/২০২৫ খ্রি.

বিষয়ঃ ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ হতে উচ্চমাধ্যমিক পর্যায়ে ইসলাম শিক্ষা, যুক্তিবিদ্যা বিষয় খোলার অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র:- শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭০.৭২.২৩.২০২৫- ২৭৫ তারিখঃ ১২/১০/২০২৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার দেওয়ানগঞ্জ উপজেলাধীন "আব্দুল মমিন লাল মিয়া মহিলা কলেজ" এ ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ হতে উচ্চমাধ্যমিক পর্যায়ে নিম্নোক্ত শর্তসাপেক্ষে ইসলাম শিক্ষা, যুক্তিবিদ্যা বিষয় খোলার অনুমতি প্রদান করা হলো।

**শর্তসমূহঃ**

১. শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
২. আগামী ০১ বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা ও পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
৩. ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোনো শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা হবে না;
৪. কলেজের কোনো শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
৫. উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোনো প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
৬. সরকার প্রয়োজন মনে করলে যে কোনো সময় যে কোনো শর্ত আরোপ করতে পারবে;
৭. বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
৮. কোনো শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোনো সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাঃ
(প্রফেসর এস.এম. আরিফুর রহমান)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ

অধ্যক্ষ
আব্দুল মমিন লাল মিয়া মহিলা কলেজ,
ইআইআইএন-১৩৭০৩০, দেওয়ানগঞ্জ, জামালপুর।

স্মারক নম্বর-মশিবো/কলেজ/২০২৫/৩৩৬০(০৫) তারিখ: ১৩/১১/২০২৫ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৪. সহকারী প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ। (পত্রটি অত্র বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ অনুরোধসহ)
৫. অফিস কপি।

১৩/১১/২৫
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ

১৩.১১.২৫